বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
ঋণ আদায় বিভাগ।
Email: dgmrecovery@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০২০-২০২১/ ১১৬৭

তারিখ ঃ ১৪-০২-২০২১ খ্রিঃ

ই-মেইলযোগে

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ২৪ ফেব্রুয়ারী,২০২১ একযোগে সকল শাখায় মহাক্যাম্প অনুষ্ঠান আয়োজন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

২০২০-২০২১ অর্থবছরের ০৪ ফেব্রুয়ারী'২১ পর্যন্ত ৩১তম সপ্তাহ অতিবাহিত হয়েছে। এ সময় পর্যন্ত ব্যবসায়িক খাতে প্রদত্ত লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জন ৬০% হওয়ার নির্দেশনা থাকলেও দেখা যায় শ্রেণীকৃত ঋণ আদায়ে অর্জন হার মাত্র ২২%, শ্রেণীযোগ্য-২ ঋণ আদায়ের অর্জন হার ৩৯%, শ্রেণীযোগ্য ব্যতীত পুনঃতফসীলকৃত ঋণ আদায়ের হার ২১%, অবলোপনকৃত ঋণ আদায়ের অর্জন হারমাত্র ১৩%, ৫২ স্থগিত সুদ আদায়ের অর্জন হার মাত্র ২৩%, ঋণ বিতরণের অর্জন হার ৪৮% এবং আমানত সংগ্রহের অর্জন হার ৩৪%।

০২। ব্যবসায়িক লক্ষ্যমাত্রার সকল খাতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে বছরের শুরু হতে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেয়া হলেও অধিকাংশ খাতে ব্যাংক এখনো পিছিয়ে রয়েছে। এ অবস্থা হতে উত্তরণের লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আগামী ২৪-০২-২০২১ ইং রোজ বুধবার ব্যাংকের কর্পোরেট শাখাসহ সকল শাখায় একযোগে মহাক্যাম্প আয়োজনের নির্দেশনা প্রদান করেছেন।

০৩। আগামী ২৪-০২-২০২১ ইং তারিখে অনুষ্ঠিতব্য মহাক্যাম্পের লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-০১ অনুযায়ী নির্ধারন করে দেয়া হলো (০৪.০২.২০২১ পর্যন্ত অর্জন, ৩২ ও ৩৩ তম সপ্তাহের অনুমিত গড় অর্জন বাদ দিয়ে ৩৪ তম সপ্তাহ পর্যন্ত আনুপাতিক অর্জনের হার ৬৫% ধরে)। **বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের আওতাধীন কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহের মধ্যে লক্ষ্যমাত্রা বন্টনপূর্বক উক্ত পত্রের অনুলিপি ঋণ আদায় বিভাগে আগামী ১৫-০২-২০২১ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করবেন। বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা মুখ্য অঞ্চল/অঞ্চল প্রধানগণ তাঁদের আওতাধীন শাখাসমূহের মধ্যে আনুপাতিক হারে বন্টন করে দিবেন।**

০৪। মাঠ পর্যায়ে ব্যাংকের গৃহীত যে কোন কর্মসূচির সফল বাস্তবায়ন মহাব্যবস্থাপক,বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়,অঞ্চল প্রধান এবং কর্পোরেট শাখা প্রধানের গতিশীল নেতৃত্ব , তাৎক্ষণিক যথাযথ নির্দেশনা প্রদান ও প্রয়োজনীয় তদারকির উপর বহুলাংশে নির্ভরশীল বিধায় এ কর্মসূচির সফল বাস্তবায়নের দায়-দায়িত্ব তাঁদের উপর ন্যস্ত করা হলো। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ এ কর্মসূচি সফলভাবে আয়োজনের মাধ্যমে নির্ধারিত ঋণ বিতরণ এবং ঋণ আদায় আনুপাতিক লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে তাঁদের প্রজ্ঞা ও অভিজ্ঞতার আলোকে কর্পোরেট শাখা/শাখাসমূহকে যথোপযুক্ত দিক নির্দেশনা প্রদান করবেন এবং কর্মসূচির সফল বাস্তবায়নে কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক গৃহীত কর্মসূচির তদারকি কার্যক্রম জোরদার করবেন। অনুরূপভাবে স্থানীয় মুখ্য কার্যালয় প্রধান উক্ত কর্মসূচির সফল বাস্তবায়নে কার্যালয়ে কর্মরত জনশক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করবেন।

০৫। **"মহাক্যাম্প" কর্মসূচির সফল বাস্তবায়নে মাঠ কার্যালয়সমূহের করণীয়ঃ**

(ক) অত্র বিভাগের পত্র নং প্রকা/আদায়-০৮(৫৯)২০২০-২০২১/৫৫৬(১২৫০) তারিখ:- ০৫.১১.২০২০ ইং এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা যথাযথ ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে,

(খ) চলতি অর্থবছরের অনাদায়ী শ্রেণীযোগ্য ঋণ-১(WCL-1) বিআরপিডি-১৭ সার্কুলারের আলোকে শ্রেণীবিন্যাসিত না হলেও এর সম্পূর্ণ অংশ আদায় করতে হবে,

(গ) মার্চ ২০২১ সময় এর মধ্যে নবায়নযোগ্য এবং ইতিমধ্যে দেয় তারিখ অতিক্রান্ত হওয়া সিসি ঋণ সমুহ নবায়ন,প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত করনের কার্যাদি শাখা পর্যায়ে সম্পাদন/ উর্ধ্বতন কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে,

(ঘ) ১.০০ লক্ষ ও তদুর্ধ্ব শ্রেণীকৃত সিসি/মেয়াদী ঋণ সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাদের নিয়ে দ্বি-পাক্ষিক সভার আয়োজন করতে হবে,

(ঙ) স্থানীয় মুখ্য কার্যালয় নিজস্ব ব্যবস্থাপনায় এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখা সমুহের জন্য প্রয়োজনীয় সংখ্যক নোটিশ/আমন্ত্রণ পত্র মুদ্রণ ও সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবেন,

(চ) নোটিশ/আমন্ত্রণ পত্র আগামী ২২-০২-২০২১ ইং তারিখের মধ্যে ইস্যু/বিতরণ নিশ্চিত করতে হবে।

(ছ) বিআরপিডি-০৫ সার্কুলারের আওতায় মওকুফ প্রাপ্ত আনটাচড হিসাব সমুহে আদায়ের সর্বাত্তক ব্যবস্থা নিতে হবে।

০৭। **সকল কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপকগণ ২৪ ফেব্রুয়ারী,২০২১ তারিখে মহাক্যাম্পের আয়োজন করবেন। ইতিপুর্বে শাখা ভবন/শাখার বাইরে গুরুত্বপূর্ণ হাট,বাজারে আয়োজন করা মহাক্যাম্পের স্থান বাদ দিয়ে নতুন স্থানে মহাক্যাম্পের আয়োজনের প্রচেষ্টা নিতে হবে এবং** উক্ত মহাক্যাম্পে স্থানীয় প্রশাসনের সর্বোচ্চ নির্বাহী, বিশেষ করে সার্টিফিকেট মামলার দায়িত্বপ্রাপ্ত সার্টিফিকেট অফিসারকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করে সদয় আমন্ত্রণ জানাতে হবে। **অনুষ্ঠান আয়োজনে কোভিড-১৯ নিয়ন্ত্রণের ক্ষেত্রে বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রণীত কোভিড-১৯ গাইড লাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে সার্বিক কার্যক্রম পরিচালনা করতে হবে।**

০৮। স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের বিভাগাধীন কর্পোরেট শাখা ও মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহ কর্তৃক আয়োজিত ঋণ আদায় মহাক্যাম্পে অর্জন সংক্রান্ত তথ্যাদির সংকলিত বিবরণী পরিশিষ্ট-২ এ উল্লেখিত ছকে **২৪-০২-২০২১** তারিখ সন্ধ্যা ৬.০০ ঘটিকার মধ্যে **ই-মেইলযোগে** ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

০৯। **''মহাক্যাম্প''** কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়ে কর্মরত জনশক্তি বিভাগীয় মহাব্যবস্থাপকগণ তাঁদের বিভাগাধীন ঋণ বিতরণ ও ঋণ আদায়ে সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় অঞ্চল/কর্পোরেট শাখায় নিয়োজিত করবেন। অঞ্চল প্রধানগণ নিজ কার্যালয়ের কর্মকর্তাসহ বিভাগীয় কার্যালয় হতে প্রেরিত কর্মকর্তাদেরকে অঞ্চলাধীন ঋণ বিতরণ ও ঋণ আদায়ে সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় শাখায় নিয়োজিত করে তাদের শ্রম, সময় ও মেধাকে ব্যাংক/শাখার স্বার্থে কাজে লাগানোর জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন। শাখা ব্যবস্থাপকগণ শাখায় কর্মরত মাঠকর্মীর সাথে এ সকল কর্মকর্তাগণকে সম্পৃক্ত করবেন।

১০। **''মহাক্যাম্প''** কার্যক্রম সরাসরি পর্যবেক্ষণ ও সফল বাস্তবায়নের জন্য মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, প্রধান কার্যালয়ের উর্ধতন নির্বাহীগণ, দায়িত্বপ্রাপ্ত প্রমোটরগন কর্পোরেট শাখা/ শাখাসমূহ কর্তৃক আয়োজিত ঋণ আদায় মহাক্যাম্পে উপস্থিত থেকে কর্মকর্তাদের উদ্বুদ্ধ করবেন ।

১১। উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে **শ্রেণীকৃত ঋণ (CL), চলতি অর্থবছরের অনাদায়ী শ্রেণীযোগ্য ঋণ-১(WCL-1) এর সম্পূর্ণ অংশ এবং শ্রেণীযোগ্য ঋণ-২(WCL-2),** সর্ব ক্ষেত্রে নগদ আদায়ের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ২৪ ফেব্রুয়ারী,২০২১ আয়োজিত আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের বিশেষ কর্মসূচির সফল বাস্তবায়নের মাধ্যমে নির্ধারিত ঋণ বিতরণ ও ঋণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে। অনুমোদনক্রমে- আপনার বিশ্বস্ত,

১৪/০২/২১

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ (অতিঃ দায়িত্বে)

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০২০-২০২১/ ১১৫৭ তারিখ ঃ ১৪-০২-২০২১ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর , ঢাকা।
০৫। সচিব,পর্ষদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি ।
০৮। নথি/মহানথি।

১৪.০২.২১
(নুরুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## ঋণ আদায় বিভাগ।

**বিষয়ঃ ২৪-০২-২০২১ ইং তারিখে অনুষ্ঠিতব্য মহাক্যাম্পের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা ।**

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | ঋণ বিতরণ | ঋণ আদায় | | | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | ৫২-স্থগিত সুদের লক্ষ্যমাত্রা | অবলোপনকৃত ঋণের লক্ষ্যমাত্রা | বিআরপিডি-০৫ এর আওতায় মওকুফকৃত আনটাচড হিসাব থেকে আদায়(সংখ্যায়) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | শ্রেণীকৃত ঋণ | শ্রেণীযোগ্য-১ ঋণের অনাদায়ী অংশ | শ্রেণীযোগ্য-২ ঋণ | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | ঢাকা | ৩০০.০০ | ৩৫০.০০ | ২৫৪.০০ | ৩৫.০০ | ৭৪.০০ | ৩৬৩.০০ | ৫০.০০ | ১০.০০ | ২০০ |
| ২ | ময়মনসিংহ | ২০০.০০ | ৫০.০০ | ৮২.০০ | ১৮.০০ | ১০৭.০০ | ২০৭.০০ | ৩০.০০ | ২.০০ | ৩০০ |
| ৩ | চট্টগ্রাম | ৬০০.০০ | ২৫০.০০ | ৮০.০০ | ২২.০০ | ১২৫.০০ | ২২৭.০০ | ২০.০০ | ৪.০০ | ১৫০ |
| ৪ | কুমিল্লা | ১৫০.০০ | ২২০.০০ | ৪০.০০ | ৬৮.০০ | ৯২.০০ | ২০০.০০ | ৩০.০০ | ২.০০ | ২৫০ |
| ৫ | সিলেট | ২০০.০০ | ১৪০.০০ | ১৪.০০ | ৫.০০ | ১৫.০০ | ৩৪.০০ | ১০.০০ | ১.০০ | ১০০ |
| ৬ | খুলনা | ৩২০.০০ | ২৮০.০০ | ৪১.০০ | ১৩.০০ | ৯৩.০০ | ১৪৭.০০ | ১৫.০০ | ৬.০০ | ৪০ |
| ৭ | কুষ্টিয়া | ১২০.০০ | ৩০০.০০ | ২৭.০০ | ১.০০ | ১৪.০০ | ৪২.০০ | ১০.০০ | ০.০০ | ৮০ |
| ৮ | বরিশাল | ২৩০.০০ | ১৪০.০০ | ১৭.০০ | ১২৫.০০ | ২৬.০০ | ১৬৮.০০ | ১২.০০ | ০.০০ | ৮০ |
| ৯ | ফরিদপুর | ১৬০.০০ | ২৪০.০০ | ১০.০০ | ১.০০ | ১৭.০০ | ২৮.০০ | ৮.০০ | ০.৫০ | ৪০ |
| ১০ | এলপিও | ১০.০০ | ৫৫০.০০ | ১৮.০০ | ০.০০ | ৪৯৩.০০ | ৫১১.০০ | ৬০.০০ | ০.৫০ | ১০ |
| | সর্বমোট ঃ | ২২৯০.০০ | ২৫২০.০০ | ৫৮৩.০০ | ২৮৮.০০ | ১০৫৬.০০ | ১৯২৭.০০ | ২৪৫.০০ | ২৬.০০ | ১২৫০ |

২৪/০২/২০২১
(মোঃ মাহমুদুল হাসান ভুঁইয়া)
মুখ্য কর্মকর্তা

২৪/০২/২১
(নুরুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়--------------- ।

পরিশিষ্ট-"২"

বিষয়ঃ ২৪ ফেব্রুয়ারী ২০২১ তারিখে অনুষ্ঠিত মহাক্যাম্প এর আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায় সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | | | ঋণ বিতরণ | | | ঋণ আদায় | | | | | | | | | | | | সর্বমোট ঋণ আদায় | | | | বিআরপিডি-০৫ এর আওতায় মওকুফকৃত আনটাচড হিসাব থেকে আদায়(সংখ্যায়) | | | ৫২- স্থগিত সুদ আদায় | | | অবলোপনকৃত ঋণ আদায় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | শ্রেণীযোগ্য-১ ঋণের অনাদায়ী অংশ | | | | শ্রেণীযোগ্য-২ ঋণ | | | | শ্রেণীকৃত ঋণ | | | | | | | | | | | | | | | | |
| | | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ |
| ১ | | ০.০০ | | ০% | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০% | | | ০% | | | ০% |